কুষ্টিয়া সরকারি কলেজের **EIIN - 117808**

**www.kushtiagovcollege.edu.bd**

**facebook.com/kushtiagovtcollege**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

নং: কুসক-২০২৩/১৬০ তারিখ: ০৬/০৭/২০২৩ খ্রি:

## উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা-২০২৩ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি ঃ-

উচ্চ মাধ্যমিক প্রস্তুতিমূলক পরীক্ষায় যে সমস্ত ছাত্র/ছাত্রী অংশগ্রহণ করেছে এবং শ্রেণী উপস্থিতি নিয়মিত তাদেরকে নিম্নের ছক ও তারিখ মোতাবেক (শুক্রবার, শনিবার ও সরকারী ছুটির দিন বাদে) ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফরম পূরণ করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। ফিস গ্রহণ, ফরম বিতরণ, পূরণ, নিরীক্ষণ ও জমাদান নিম্নলিখিত তারিখ সকাল ১০.০০টা থেকে বেলা ১.০০টা পর্যন্ত চলবে। পরীক্ষা আরম্ভ হওয়ার তারিখ: ১৭/০৮/২০২৩ খ্রি. (বৃহস্পতিবার)।

| বিভাগ | টাকা জমা, ফরম গ্রহণ ও পূরণের তারিখ | ফরম পূরণ সাপেক্ষে নিরীক্ষণ ও জমার তারিখ | ফরম সংগ্রহ ও জমাদানের স্থান |
|---|---|---|---|
| বিজ্ঞান নিয়মিত | ১০/০৭/২০২৩ সোমবার | ১০/০৭/২০২৩ সোমবার | কলেজ লাইব্রেরি |
| ব্যবসায় শিক্ষা নিয়মিত | ১১/০৭/২০২৩ মঙ্গলবার | ১১/০৭/২০২৩ মঙ্গলবার | কলেজ লাইব্রেরি |
| মানবিক নিয়মিত | ১২/০৭/২০২৩ বুধবার | ১২/০৭/২০২৩ বুধবার | কলেজ লাইব্রেরি |
| নিয়মিত, প্রাইভেট, ক্যাজুয়াল, এক/দুই বিষয়,জি.পি.এ উন্নয়ন ও সকল প্রকার পরীক্ষার্থী | ১৩/০৭/২০২৩ বৃহস্পতিবার | ১৩/০৭/২০২৩ বৃহস্পতিবার | কলেজ লাইব্রেরি |

***** কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী আবেদন ফরম পূরণ করতে পারবে। কোন শিক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই শিক্ষা বোর্ড কতৃপক্ষ বাতিল করবে।**

***** উক্ত তারিখের পরে কোন প্রকার টাকা জমা ও আবেদন ফরম গ্রহণ বা দেওয়া হবে না।**

বি.দ্র:- **https://sbl.com.bd:7070** লিংকে প্রবেশ করে অথবা **Sonali eSheba** মোবাইল অ্যাপ এর **"HSC Fees"** মেন্যু থেকে "FORM FILL-UP **Fee**" অপশনে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে।

### ফরম পূরণের নিয়মাবলী ঃ-

১। সকল পরীক্ষার্থীকে পরীক্ষার মূল আবেদন ফরমে ষ্ট্যাম্প সাইজের (১"×১") ০১ (এক) কপি সদ্যতোলা ছবি আঠা দিয়ে লাগাতে হবে এবং নির্দিষ্ট তারিখে নিজে উপস্থিত হয়ে স্বহস্তে "পরীক্ষার্থী বিবরণী ফরম" স্বাক্ষর করতে হবে। এছাড়াও এস.এস.সি পরীক্ষার রেজিঃ কার্ড, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও এইচএসসি রেজিঃ কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।

২। ২০২২ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় জিপিএ ৫.০০ এর কম পেয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীরা ২০২৩ সালে জি.পি.এ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ের অর্থাৎ (এক) অথবা (দুই) বিষয়ে অকৃতকার্য হয়ে পরের বছর পাশ করা পরীক্ষার্থীরা কোন অবস্থাতেই ২০২৩ সালে জি.পি.এ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। মেয়াদ উত্তীর্ণ নিবন্ধনধারী পরীক্ষার্থী জি.পি.এ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৩। প্রাইভেট পরীক্ষার্থীদের পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সদ্যতোলা ছবিসহ নিবন্ধন রসিদ স্বাক্ষর করার জন্য উচ্চ মাধ্যমিক শাখার সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখতে হবে এবং মূল সনদ, মূল নম্বরপত্র, ভর্তি বাতিলের মূল কাগজপত্র ইত্যাদি জমা দেয়া না হলে ১২/০৭/২০২৩ ইং তারিখের মধ্যে জমা দিতে হবে। নিবন্ধন রসিদে স্বাক্ষর এবং মূল কাগজ পত্রাদি জমা দিতে ব্যর্থ হলে নিবন্ধন সংক্রান্ত জটিলতা এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৪। ছাড়পত্রের (টি.সি.) মাধ্যমে ভর্তি, অনিয়মিত (ক্যাজুয়াল), জি.পি.এ উন্নয়ন, এক/দুই বিষয় (বিশেষ পাস) আবেদনকারীদের মূল নিবন্ধন রসিদসহ ০১ (এক) টি ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।

অপর পাতা

৫। কলেজ লাইব্রেরী থেকে বই উত্তোলন করা থাকলে ফেরত প্রদান করতে হবে। নতুবা ফরম পূরণ করতে দেয়া হবে না।

৬। নিয়মিত ছাত্র/ছাত্রীদের নিয়মিত ক্লাস উপস্থিতি সাপেক্ষে ফরম পূরণ করতে দেয়া হবে। নন-কলেজিয়েট হলে নন-কলেজিয়েট ফি প্রদান করতে হবে। ডিসকলেজিয়েট ছাত্র/ছাত্রীদের ফরম পূরণ করতে দেয়া হবে না।

৭। পরীক্ষার আবেদন ফরমে পরীক্ষার্থীর সকল তথ্য সঠিক হতে হবে। ২০২৩ সালের এইচ.এস.সি পরীক্ষায় অংশগ্রহণে যশোর শিক্ষা বোর্ড বা অন্য কোন শিক্ষা বোর্ড কর্তৃক নিষেধাজ্ঞা থাকলে, প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে অথবা পরীক্ষা সংক্রান্ত কোন আইন বা নিয়ম লংঘন করলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

৮। **Sonali eSheba** -এ নির্ধারিত তারিখে টাকা জমা দিয়ে জমার রসিদ ও প্রয়োজনীয় কাগজপত্রসহ বেলা ৯.৩০ মিনিটের সময় কলেজ লাইব্রেরিতে উপস্থিত হয়ে ফরম পূরণের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৯। সকল অনিয়মিত (ক্যাজুয়াল), এক বিষয়/দুই বিষয় পরীক্ষার্থীদের আবেদন পত্রের সাথে ২০২২ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার মূল প্রবেশপত্র জমা দিতে হবে। যে সকল অনিয়মিত (ক্যাজুয়াল) পরীক্ষার্থী ২০২২ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করেনি তাদেরকে সনদপত্র ফিস বাবদ ১০০/= (একশত) টাকা অতিরিক্ত জমা দিতে হবে।

১০। যে সমস্ত নিয়মিত ছাত্র/ছাত্রী এখনও কলেজের অন্যান্য পাওনাদি পরিশোধ করেনি তাদেরকে জরুরী ভিত্তিতে বেতন ও সেশনচার্জ এবং অন্যান্য পাওনাদি (লাইব্রেরী, হোস্টেল, দ্বাদশ প্রস্তুতিমূলক পরীক্ষার ফি) পরিশোধ করার জন্য নির্দেশ দেওয়া যাচ্ছে। অন্যথায় তারা ফরম পূরণ করতে পারবে না।

১১। সকল প্রকার পরীক্ষার্থীদের " পরীক্ষার্থী বিবরণী পত্রে" স্বাক্ষর করার জন্যে নিয়মিত উচ্চ মাধ্যমিক শাখায় যোগাযোগ করে কলেজে উপস্থিত হয়ে স্বাক্ষর করতে হবে। "পরীক্ষার্থী বিবরণী পত্রে" স্বাক্ষরে ব্যর্থ পরীক্ষার্থীদের পরীক্ষা সংক্রান্ত জটিলতা বা পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১২। (ক) অন্ধ ও লিখতে অক্ষম পঙ্গু পরীক্ষার্থীদের লেখক (স্ক্রাইব) দশম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের মধ্য হতে নির্বাচন করতে হবে। এজন্যে নির্বাচিত ছাত্র/ছাত্রীদের পূর্ণ বিবরণ (প্রধান শিক্ষক কর্তৃক ইস্যুকৃত) ও দুই কপি সত্যায়িত ফটোসহ দরখাস্ত সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতির জন্য বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে পৃথকভাবে বোর্ডে পৌছাতে হবে। কোন মাধ্যমিক পরীক্ষার্থীকে স্ক্রাইব হিসেবে নির্বাচন করা যাবে না।
(খ) প্রতিবন্ধী পরীক্ষার্থীর জন্য উপ-পরিচালক, সমাজসেবা অফিস কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্রসহ আবেদন শিক্ষা বোর্ডে যথাযথ প্রকিয়া সম্পাদনের জন্য আবেদন করতে হবে।

১৩। পরীক্ষার্থীর সিলেবাস অনুসরণের ক্ষেত্রে যশোর শিক্ষা বোর্ডের পত্রের স্মারক নম্বর- পনি/উমা/বিজ্ঞপ্তি -১৫/১০ তারিখঃ ১৮/০৬/২০২৩ খ্রি. এর ৩য় পাতার ১৩ নম্বর ক্রমিক অনুসরণ করতে হবে।

১৪। ২০২৩ সাল অথবা তার পূর্ববর্তী সালের পরীক্ষায় যাদের ফলাফল অপ্রকাশিত/অভিযুক্ত রয়েছে তারা ফরমপূরণ করতে পারবে না। ফলাফল অপ্রকাশিত/অভিযুক্ত হতে অব্যাহতি পেলে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতিক্রমে ফরম পূরণ করা যাবে।

১৫। বিস্তারিত তথ্যের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর -এর স্মারক নং- পনি/উমা/বিজ্ঞপ্তি-১৫/১০ তারিখঃ ১৮/০৬/২০২৩ খ্রি. দ্রষ্টব্য।

## বিঃদ্রঃ পরীক্ষার ফি সংক্রান্ত তথ্যাদি কলেজ নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

### বিঃদ্রঃ (কমিটির করণীয়)

উল্লেখ্য যে, ছাত্র/ছাত্রীদের পরীক্ষার ফরম বিতরনের পূর্বে কলেজের পাওনাদি (কলেজ লাইব্রেরী/কলেজ হোস্টেল/অন্যান্য/প্রস্তুতিমূলক পরীক্ষার ফি) পরিশোধের রসিদ কমিটি কর্তৃক নিরীক্ষাপূর্বক পরীক্ষার ফরম সরবরাহ করতে হবে। এ বিষয়ে যদি কেহ কলেজ পাওনাদি পরিশোধের রসিদ দেখাতে ব্যর্থ হয় তাহলে কোন ক্রমেই পরীক্ষার ফরম সরবরাহ করা যাবে না।

(প্রফেসর শিশির কুমার রক্ষিত)
অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

### কপি বিতরণঃ-

১। উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
২। আহবায়ক, উচ্চ মাধ্যমিক প্রস্তুতিমূলক পরীক্ষা কমিটি-২০২৩ ও
উচ্চ মাধ্যমিক ফরম পূরণ কমিটি-২০২৩, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৪। হোস্টেল সুপার, লাইব্রেরীয়ান, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৫। হিসাব রক্ষক/ক্যাশিয়ার/শাখা সহকারী উমা/ডিগ্রী/সম্মান/মাস্টার্স শাখা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৬। সংরক্ষণ নথি।